



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়


নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৩

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে তফসিল ঘোষণার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত নির্বাচনের সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে তা সংশ্লিষ্ট সম্ভাব্য প্রার্থী/ব্যক্তিগণকে তফসিল ঘোষণার পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে নিজ খরচে/দায়িত্বে অপসারণ করার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। এ লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, নির্ধারিত সময়ে উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ অপসারণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৩

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার (সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগপূর্বক আইনগত সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
৬. উপ মহাপুলিশ পরিদর্শক (সকল রেঞ্জ)
৭. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা,সিটি কর্পোরেশন (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd

৯. জেলা প্রশাসক (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
১১. পুলিশ সুপার (সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
১২. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সংশ্লিষ্ট) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
১৪. জেলা তথ্য অফিসার (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।]
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মহোদয় এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
১৯. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
২০. অফিসার ইনচার্জ (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
২১. ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]

২০/১২/২০২৫

মোঃ শহিদুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ০২-৫৫০০৭৬১০

E-mail: sasemc1@gmail.com